BINOD BIHARI MAHTO KOYALANCHAL UNIVERSITY , DHANBAD

বিনোদবিহারী মাহাতো কোয়লাঞ্চল বিশ্ববিদ্যালয়, ধানবাদ , ঝাড়খন্ড

SYNOPSIS

OF

THE PROPOSED RESEARCH WORK FOR Ph. D DEGREE

TITLE

AMAR MITRA :BYAKTI O SRISHTI

(অমর মিত্র : ব্যক্তি ও সৃষ্টি)

NAME OF THE CANDIDATE

BANHISHIKHA SARKAR

DEPARTMENT OF BENGALI , BBMKU , DHANBAD

2020

মুখবন্ধ

ইতিপূর্বে বাংলা কথাসাহিত্যে লেখক সাহিত্যিকদের জীবন ও সৃষ্টি নিয়ে গবেষণা হয়েছে এবং হচ্ছে।আমরা সাহিত্যিক অমর মিত্রকে আমাদের গবেষণার বিষয় হিসাবে নির্বাচন করেছি।তাঁর ব্যক্তিজীবন, চিন্তন- মনন কতটা তাঁর সৃষ্টির মধ্যে ধরা পড়েছে তাঁকে আলোকপাত করা ও তুলে ধরাই হল আমাদের গবেষণার উদ্দেশ্য । গবেষণার এই কাজটি করার জন্য বিভাগীয় প্রধানের সাথে কথা বলেছি এবং অন্যান্য মাস্টারমশাইদের সাথে কথা বলে বিষয়টি সম্পর্কে নানান তথ্য জানতে পেরেছি। সকলের পরামর্শ আমাকে ভীষণভাবে সমৃদ্ধ করেছে । **অমর মিত্র : ব্যক্তি ও সৃষ্টি -** উপরোক্ত শিরোনামে যদি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আমাকে গবেষণা করতে অনুমতি দেন তবে আমি বাধিত থাকব । আমার একান্ত অনুরোধ এই কাজটি আমি করতে চাই ড. সত্যম চ্যাটার্জির তত্ত্বাবধানে । এই আবেদনটি যদি কর্তৃপক্ষ অনুমোদন করেন তবে আমি কৃতজ্ঞ থাকব ।

তারিখ -

গবেষকের স্বাক্ষর

ভূমিকা

(INTRODUCTION)

কোন একজন ব্যক্তি সাহিত্যিকের জীবন দর্শনকে তুলে ধরা তার জীবনকালে, হয়তো ততটা সহজ কাজ নয় । তবু গবেষণাকর্মের সুযোগ পেয়ে প্রথমে ভাবলাম আমার অত্যন্ত প্রিয় সাহিত্যিক অমর মিত্রের উপরে কাজ করার কথা। যদিও ব্যক্তিজীবন-সমকাল নিয়ে কাজ করার ধারা বাংলা সাহিত্যে নতুন নয়, তবু সাহিত্যিক অমর মিত্র তাঁর লেখনীর গুণে বাংলা সাহিত্যে বিশেষ স্থান অধিকার করে রয়েছেন। তাঁর দৃষ্টিভঙ্গি, দৃঢ় লেখনি বারবার আমাদের পাঠকমনকে পরিতৃপ্ত করে তোলে। আমার এই গবেষণা কর্মটিতে আমি তুলে ধরার চেষ্টা করবো একে একে তার ব্যক্তিজীবন, সমাজ ও সমকালীন জীবনকে। পরবর্তী ক্ষেত্রে গল্পকার অমর মিত্র কিভাবে আমাদের মন্ত্রমুগ্ধ করে রেখেছেন তাঁর লেখনীর দ্বারা সে বিষয়ে আলোকপাত করব। ঔপন্যাসিক হিসাবে অমর মিত্র সুবিদিত একটি নাম । এক্ষেত্রে তার কোন ভূমিকার প্রয়োজন নেই। সমালোচক এবং সম্পাদক জীবন এই সাহিত্যিকের জীবনের সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িয়ে আছে। সর্বোপরি নিজের প্রিয় লেখককে নিয়ে কাজ করার ইচ্ছে এবং সেই দায়িত্বের গুরুভার কে যথাযথভাবে বহন করা , এটি বর্তমানে আমার মূল প্রতিপাদ্য বিষয়। এই অধ্যায়গুলিতে স্তরে স্তরে আমরা গবেষণার কর্মটিকে পরিণতির দিকে নিয়ে যাওয়ার চেষ্টা করব ।

গবেষণার সংক্ষিপ্ত বিবরণ (**Summary of Research Work)**

Tools:

1. Overview of Research
2. Research design
3. Methods of Data Collection (Primary data & Secondary data)
4. Data preparation
5. Sampling Methods (Random sampling, Systematic sampling etc.)
6. Processing and analysis of Data
7. Multivariate Analysis
8. Reliability and Validity (About the content and information)
9. Interpretation and report writing.

গবেষণার প্রকরণ ও পদ্ধতি

'Research Methodology : Analytical Research'

1. সমস্যা অনুসন্ধান (Problems to be Investigated)
2. গবেষণার লক্ষ্য (Objective of the Research work)
3. অনুমান (Hypotheses)
4. ভবিষ্যৎ সম্ভাবনা (Future Perspective)
5. তাৎপর্য (Significance)

(Title of the Research)

AMAR MITRA : BYAKTI O SRISHTI

বিষয় শিরোনাম

(অমর মিত্র : ব্যক্তি ও সৃষ্টি)

"**অমর মিত্র : ব্যক্তি ও সৃষ্টি**" - এটি আমাদের গবেষণার বিষয় শিরোনাম।

সমস্যা অনুসন্ধান (Problems to be Investigated)

গবেষণা কর্মের প্রথমেই গবেষক কিছু সমস্যার মুখোমুখি হয়, সেই সমস্যাগুলিকে অনুধাবন করা এবং তাদের যথাযোগ্য যুক্তিপূর্ণ উত্তর খুঁজে বার করা গবেষকের কাজের একটা অঙ্গ। বিশ শতকের ষাটের দিকে অমর মিত্র যে সময় আত্মপ্রকাশ করেছিলেন তার রচনা সম্ভার নিয়ে সেই সময়টি ছিল বড় ভয়ঙ্কর । সামাজিক, অর্থনৈতিক এবং সাধারণ পরিচিত জীবনে মূল্যবোধের দিক থেকে সমাজ সেই সময়ে মানুষের অনেক পরীক্ষা নিয়েছে। অমর মিত্রের লেখাতে সেই দিনগুলির ছবি ফুটে উঠেছে, যদিও গবেষণাকর্মের প্রথম কর্তব্য হিসেবে সমস্যা অনুসন্ধান এবং রচনা বিশ্লেষণ করা আমাদের কাজ এবং আমরা এ বিষয়ে নজর রাখব ।

গবেষণার লক্ষ্য (Objective of the Research work)

কোন সাহিত্যিকের সৃষ্টিকর্মকে পাঠক হাতে পায় এবং তাকে পড়ার সুযোগ পায় কিন্তু তার ব্যক্তিজীবনকে সবসময় পুঙ্খানুপুঙ্খভাবে জানা সম্ভব হয় না। আমরা আমাদের গবেষণায় তার ব্যক্তিজীবনকে এবং তাঁর সমকালীন সমাজ কে এবং তার সৃস্টিকর্মকে তুলে ধরার চেষ্টা করব যা বাংলা সাহিত্যে এখনো পর্যন্ত অনালোচিত ।

অনুমান (**Hypotheses**)

সাহিত্যিক অমর মিত্র বাংলা সাহিত্য জগতে একটি অত্যন্ত পরিচিত নাম। বিভিন্ন পুরস্কারে সম্মানিত হয়েছেন তিনি বারংবার।আমাদের গবেষণার ক্ষেত্রে আমরা এ বিষয়ে নজর রাখব যে তাঁর বিগত রচনা সম্ভার সমূহ ,তাঁর বর্তমান মানসিক চিন্তাজগতের স্তর এবং ভবিষ্যতেও তিনি কি কাজ করতে চলেছেন সে বিষয়ে যদি তার কাছ থেকে কিছু আভাস পাওয়া যায় সেই বিষয়ের উপর। বিশ শতকের ষাটের দশক পরবর্তী অস্থির সময়ে বাংলা সাহিত্যে কথা সাহিত্যিক অমর মিত্রের অবদান কতটা গুরুত্বপূর্ণ সে কথা বলে বোঝানোর অপেক্ষা রাখে না । অনুমান এবং প্রাপ্ত তথ্য ভান্ডার-এর ওপর নির্ভর করে আমরা আমাদের রচনা বিশ্লেষণ করার চেষ্টা করব ।

ভবিষ্যৎ সম্ভাবনা (Future Perspective)

গবেষণার লক্ষ্য হিসেবে প্রত্যেকটি গবেষকই কিছু পয়েন্টের উপর নির্ভর করে থাকেন। শুরুতে প্রত্যেকের মনে হয় একটি নির্দিষ্ট উপনীত লক্ষ্যে পৌঁছানোর কথা । যে কথা আগে ভাবা হয়নি সে কথার অনেক নতুন আঙ্গিক খুলে যায়।আমাদের এই কাজের লক্ষ্য হলো সাহিত্যিক এর পাশাপাশি মানুষ অমর মিত্র কে নতুন করে জানতে পারা, তার চিন্তা-চেতনার বিভিন্ন স্তর গুলি সম্পর্কে সম্যক ধারণা লাভ করা এবং নতুন কিছু দিককে উন্মোচিত করা।

তাৎপর্য (**Significance**)

সমাজ ও সাহিত্যে বাস্তবতার প্রেক্ষিতে অমর মিত্রের সাহিত্যের পুনর্মূল্যায়ন বর্তমান সমাজ ও সংস্কৃতির পক্ষে অত্যন্ত তাৎপর্যপূর্ণ। যেহেতু অমর মিত্রের জীবন ও সাহিত্য সম্পর্কে পূর্বে গবেষণা হয়নি তাই পাঠকের কাছে এই সাহিত্যিক সম্পূর্ণ অজানা থেকে গেছেন ।

TENTATIVE CHAPTERISATION

সুচিপত্র

ভূমিকা (Introduction)

প্রথম অধ্যায়(First chapter): অমর মিত্রঃ ব্যক্তিজীবন

দ্বিতীয় অধ্যায় (Second chapter): অমর মিত্রঃ সমাজ ও সমকাল

তৃতীয় অধ্যায় (Third chapter): গল্পকার অমর মিত্র

চতুর্থ অধ্যায় (Fourth chapter): ঔপন্যাসিক অমর মিত্র

পঞ্চম অধ্যায় (Fifth chapter): সমালোচক ও সম্পাদক অমর মিত্র

ষষ্ঠ অধ্যায় (Sixth chapter): অমর মিত্রের অন্যান্য রচনা

উপসংহার (Conclusion)

জীবনপঞ্জি(Biography)

গ্রন্থপঞ্জি (Bibliography)

লেখকের সাক্ষাৎকার (Interview of the Writer)

তথ্যপঞ্জি (Notes and References)

প্রথম অধ্যায়(First chapter): অমর মিত্রঃ ব্যক্তিজীবন

প্রথম অধ্যায়ে আমরা অমর মিত্রের ব্যক্তিজীবনকে তুলে ধরার চেষ্টা করব। অমর মিত্রের জন্ম ১৯৫১ সালের ৩০ আগস্ট, খুলনা জেলার সাতক্ষীরা মহকুমা (বর্তমানে বাংলাদেশের সাতক্ষীরা জেলা) শহরের সন্নিকট ধূলিহর গ্রামে। স্কটিশ চার্চ কলেজ থেকে রসায়নে স্নাতক। অমর মিত্রের জবানবন্দিতে আমরা জানতে পারি – " বাংলাদেশের খুলনা জেলাটা ভেঙ্গে হয়েছে সাতক্ষীরা । জেলার একদিকে উত্তর 24 পরগনা, ওদিকে সুন্দরবন । নদী-নালা দিয়ে বনো জঙ্গলের দেশ । বনের মধু থেকে ক্ষেতের ফসল, নদীর মাছ থেকে গরুর দুধ, সবই অঢেল, অপর্যাপ্ত । বোধ করি সেই কারণেই এ অঞ্চলের মানুষ শান্ত সহজ-সরল আর স্বভাবত কৌতুকপ্রিয় । কাজে কাজেই একটু আবার ঢিলেঢালা অলস প্রকৃতির। সবই মাটির গুণে। ... বিনা শ্রমে যে ফসল পায় সে কেন খেটে মরতে যাবে , ওদিককার লোকজনের ভাবখানা এ রকমই ছিল সেকালে " ।[1] অর্থাৎ দেখা যাচ্ছে যে পরিবেশে লেখক-এর বড় হয়ে ওঠা এবং তার গ্রামের মানুষের প্রতি তাঁর যে অনুরাগ ও আন্তরিকতা রয়েছে, আমরা আশা করি তাঁর লেখায় এই বাস্তব জীবন, পরিবেশ ও পরিস্থিতির প্রভাব পড়েছে এবং জীবনের নানান অভিজ্ঞতা রচনায় ফুটে উঠেছে। আর এ কারণেই আমরা মনে করি তাঁর সৃষ্টিকে ঠিকমত জানতে হলে তাঁর ব্যক্তিজীবনকে অভিনিবেশ সহকারে জানা প্রয়োজন।

---

[1] ভাসিয়ে দিয়েছি কপোতাক্ষ জলে - মনোজ মিত্র, অমর মিত্র - পৃষ্ঠা ৭১

দ্বিতীয় অধ্যায় (Second chapter): অমর মিত্রঃ সমাজ ও সমকাল

বিংশ শতকের সাত এর দশকে অমর মিত্রের সাহিত্যিক হিসাবে আত্মপ্রকাশ। সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক দিক দিয়ে সেই সময়টি ছিল উত্তাল। চীন- ভারত যুদ্ধ, খাদ্য আন্দোলন, যুক্তফ্রন্ট সরকারের ক্ষমতায় আসা , জরুরি অবস্থা, নকশাল আন্দোলন, বর্গা অপারেশন- বর্গাসহ এদেশীয় নানা তরঙ্গ বিক্ষোভ এবং সেই সঙ্গে জমিদার জোতদারের নানা ছলাকলার শোষণ আর সামাজিক ধর্মীয় বিভেদ- বৈষম্য ইত্যাদি ঘটনাকালের আর্থসামাজিক প্রেক্ষিত ও জীবনযাপনের পরিচিত ছকের উপর প্রবল আঘাত দিয়েছিল । এ প্রসঙ্গে লেখক নিজেই জানিয়েছেন –" নকশাল আন্দোলন তো আমার চোখ তৈরি করে দিয়েছিল । নিরুপায়, বিপন্ন মানুষকে চিনতে শিখিয়েছিল । ভালবাসতে শিখিয়েছে এই দেশকে । এই ই তো অনেক । নগর আসুক, গ্রাম আসুক নিরুপায় মানুষ গুলো তো এসেছে । "[2] এই সময়কাল ও অন্যান্য নানান ঘটনা তাঁর রচনায় কিভাবে ধরা পড়েছে বা প্রভাব ফেলেছে তা এই অধ্যায়ে তা বিশদভাবে বিশ্লেষণ করার চেষ্টা করা হবে।

---

[2] ভাসিয়ে দিয়েছি কপোতাক্ষ জলে - ঐ - পৃষ্ঠা ১৪

তৃতীয় অধ্যায় (Third chapter): গল্পকার অমর মিত্র

তৃতীয় অধ্যায়ে আমরা বাংলা কথাসাহিত্যে তাঁর মৌলিকতা ও স্বকীয়তাকে আলোচনা করার চেষ্টা করব। নিজের গল্প লেখা প্রসঙ্গে অমর মিত্র নিজেই জানিয়েছেন - " আমি আমার জীবনের বাস্তবতা নিয়ে বাঁচি । আমি যখন লিখতে বসি সেই বাস্তবতা থেকে যাত্রা করি অন্য কোন বাস্তবতার সন্ধানে । এই সন্ধানটি মূলসূত্র । অনেক ক্ষেত্রে, বিশেষত গল্প রচনা ক্ষেত্র , অনেক সময় আমাদের যাত্রা করতে হয় প্রায় শূন্য থেকে। সেখান থেকে পৌঁছতে চাইতে হয় এমন কোন জায়গায় যা ছিল আমার কাছে সম্পূর্ণ অচেনা । এই অচেনা সত্যটি খুঁজে বের করাই কি লেখকের কাজ ? অচেনা বাস্তবতা ? আসলে সেই সত্য খুব কাছেরই সত্য, কিন্তু তাকে চেনা সম্ভব হয় না বলেই সব গল্প, গল্প হয়ে ওঠে না্ , সব সত্য সত্য হয়ে ওঠে না" ।[3] তাঁর যে সকল ছোটগল্পের বই পাঠক কে বিশেষ আকর্ষণ করেছিল সেগুলি হল : 'গাঁওবুড়ো' (১৯৭৭), 'মাঠ ভাঙে কালপুরুষ' (১৯৭৮),'ভারতবর্ষ' (১৯৭৯), 'দানপত্র' (১৯৮৬), 'আসনবনি' (১৯৯২), 'পাঁজর' (২০০০), 'স্বদেশযাত্রা' (২০০১), 'শ্রেষ্টগল্প' (২০০৩) ইত্যাদি।১৯৭৪সালে ' একাল' পত্রিকায় 'মেলার দিকে ঘর' গল্পের প্রকাশের মাধ্যমে তাঁর সাহিত্যিক জীবনে পদার্পণ। 'স্বদেশযাত্রা' গল্পের জন্য ১৯৯৮ সালে 'কথা' পুরস্কার লাভ করেন।

[3] অমৃতলোক ৯৭ - সমীরন মজুমদার সম্পাদিত – ২০০২-২০০৩ - পৃষ্ঠা ৩১৪ ।

চতুর্থ অধ্যায় (Fourth chapter): ঔপন্যাসিক অমর মিত্র

অমর মিত্র খুব কাছ থেকে গ্রামবাংলাকে , তার মানুষকে , তার পরিবেশকে, দেখার সুযোগ পেয়েছিলেন । বলা যায় গ্রামের পথে চলতে চলতে, প্রতিদিনের জীবনে প্রতিটি মানুষের সাথে মিশতে মিশতে তিনি নানান অভিজ্ঞতা অর্জন করেছিলেন । এই অভিজ্ঞতার কথাই তাঁর উপন্যাসে ফুটে উঠেছে । সেখানে ফুটে উঠেছে অসহায় মানুষের যে বিপন্নতা , তাদের যে প্রতিদিনের জীবনের ছোটখাট কথা তা তাঁর উপন্যাসে বিশেষ গুরুত্ব পেয়েছে। তাই আমরা বলতে পারি যে গ্রামবাংলাকে তিনি হৃদয় দিয়ে অনুভব করেছিলেন, মন থেকে ভালোবেসে ছিলেন এবং এই ভালোবাসার ছবি উপন্যাসের পাতায় পাতায় ছড়িয়ে আছে। সেখানে তিনি মানুষের আশা-আকাঙ্ক্ষা, আনন্দ-বেদনাকে আঁকার চেষ্টা করেছেন ।

অমর মিত্রের যে উপন্যাসগুলি তাঁকে বিশেষ পরিচিতি দিয়েছে সেগুলি হল: 'আলোকবর্ষ' (১৯৮১), 'সুবর্ণরেখা' (১৯৮৪), 'হাঁসপাহাড়ি' (১৯৯১), 'নিসর্গের শোকগাথা' (১৯৯৫), 'অশ্বচরিত' (১৯৯৯), 'ধ্রুবপুত্র' (২০০১), 'ধনপতির চর' (২০০৭), 'বহ্নিলতা', 'মোমেনশাহী উপাখ্যান' (২০১৯)। তাঁর প্রথম উপন্যাস হল 'নদীর মানুষ'। ২০০১ সালে 'অশ্বচরিত' উপন্যাসের জন্য পেয়েছেন 'বঙ্কিম পুরস্কার' এবং ২০০৬ সালে 'ধ্রুবপুত্র' উপন্যাসের জন্য সাহিত্য অকাদেমী পুরস্কার পান। এই অধ্যায়ে আমরা অমর মিত্রের মৌলিকতাকে, তাঁর চিন্তা-চেতনার বিশেষ জগতকে ধরার চেষ্টা করব তাঁর রচিত উপন্যাসের মাধ্যমে ।

পঞ্চম অধ্যায় (Fifth chapter): সমালোচক ও সম্পাদক অমর মিত্র

আমরা জানি যে সমালোচক ও সম্পাদকের দৃষ্টি অনেকটাই আলাদা রকমের হয়। আমরা জানি বাংলা সাহিত্যে এমন কিছু দিকপাল মানুষ সম্পাদনার কাজ করে গেছেন যাঁরা সম্পাদনার জন্য বিশেষভাবে বিখ্যাত। যেমন বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ‘বঙ্গদর্শন’ পত্রিকা সম্পাদনা করতেন, তেমনি রবীন্দ্রনাথ ঠাকুরের ‘সাধনা’ , প্রমথ চৌধুরীর ‘সবুজপত্র’ ,অন্যদিকে আবার কাজী নজরুল ইসলামের ‘ধূমকেতু’ পত্রিকার কথা বলা যেতে পারে । আমরা এখানে সম্পাদক অমর মিত্রের নিজস্বতাকে, তাঁর শিল্পগুণ বা বোধকে তুলে ধরার চেষ্টা করব । একজন লেখকের মতই একজন সম্পাদকেরও অনেক দায়-দায়িত্ব থাকে । কারণ পাঠকের কাছে তিনি কি পৌঁছে দেবেন আর কি দেবেন না তা নিয়ে তাঁকে ভাবতে হয় । এখানে আমরা অমর মিত্রের সম্পাদিত ও সমালোচনা কর্মের কালানুক্রমিক ধারা ও বিশেষত্বকে ধরার চেষ্টা করব। তাঁর সমালোচনা : ফিচারধর্মী রচনা- 'সতত তোমার কথা', 'ভাবিয়ে বিরলে', বাসুদেব দাশগুপ্ত, সঞ্জয় মুখোপাধ্যায়, জয়ন্ত দে'র বই। তাঁর সম্পাদিত কিছু রচনা হল : 'অনুষ্টুপ', 'ন্যাশনাল বুক ট্রাস্ট', 'কথা সোপান পত্রিকা', 'মনোজ মিত্র : অন্য জীবন আধুনিক বাংলা সংকলন' । পরে এই বিষয়ে বিস্তারিত আলোচনা করা হবে ।

ষষ্ঠ অধ্যায় (Sixth chapter): অমর মিত্রের অন্যান্য রচনা

ষষ্ঠ অধ্যায়ে আমরা তাঁর অন্যান্য রচনাতে আলোকপাত করব। একথা ঠিক যে অমর মিত্রের খুব বেশি ঝোঁক ছিল ছোটগল্পের প্রতি কিন্তু আমরা দেখেছি তিনি কোনো নির্দিষ্ট সীমানায় গন্ডিতে নিজেকে সীমাবদ্ধ রাখেন নি । প্রকৃতপক্ষে কোন সাহিত্যিক নিজেকে নির্দিষ্ট সীমানায় সীমাবদ্ধ করতে চাননা । অমর মিত্রও এক্ষেত্রে ব্যতিক্রমী নন । তিনি বাংলা সাহিত্যের বিভিন্ন শাখা প্রশাখায় তার চিন্তা-চেতনার ছাপ রেখেছেন । ছোটগল্প-উপন্যাস এর পাশাপাশি শিশু সাহিত্য এবং নানান প্রবন্ধ রচনা ক্ষেত্রে নিজের অনুভূতিকে সকলের সামনে তুলে ধরেছেন। এখানে তার অন্যান্য কিছু রচনা নিয়ে আলোচনা করার চেষ্টা করব । যার মাধ্যমে আমরা অমর মিত্রের অন্য আরেকটি দিক কে আলোকিত করার চেষ্টা করব । তিনি গল্প উপন্যাস ছাড়াও যে সকল গ্রন্থ লিখেছেন সেগুলি হল : 'চাঁদু গায়েনের ডাকাত ধরা' (১৯৯৮), 'স্টিফেন হকিংয়ের চিঠি' (২০০৯), 'রয়্যাল সার্কাসের গণেশ দাদা' (২০০৭), 'পালিয়ে গেল গরম শিং' (২০১২), 'গগন বুরুর কঞ্চি ডাকাত' (২০১৫), প্রবন্ধ : 'গল্পের হাতছানি' (২০১৬)।স্মৃতিকথা : 'ভাসিয়ে দিয়েছে কপোতাক্ষ জলে'। এখানে এই ধরনের রচনার ভিন্ন স্বাদকে বিশ্লেষণ করে দেখানোর চেষ্টা করা হবে ।

উপসংহার

সত্তরের দশকের গল্পকার অমর মিত্র পাঠকের মনে অনায়াসে জায়গা করে নিয়েছেন তাঁর রচনার গুণে। আমরা এই গবেষণা প্রবন্ধে অমর মিত্রকে স্তরে স্তরে আবিষ্কার করার চেষ্টা করব। যেখানে তার ব্যক্তি জীবন থেকে শুরু করে সমাজ সমকালকে অভিনিবেশ সরকারে পর্যবেক্ষণ করার মাধ্যমে নতুন কিছু দিককে মেলে ধরতে চাইব। পাশাপাশি তাঁর সৃষ্টিশীল সত্ত্বাকে অর্থাৎ ছোটগল্প, উপন্যাস বা সম্পাদক অমর মিত্রকে জানতে চেষ্টা করব। প্রসঙ্গত অমর মিত্রের একটি উক্তিকে স্মরণ করতে পারি - " আমি একটা গল্পকে আগে থেকে তৈরি করে লিখতে বসি না। কাগজ-কলম নিয়ে আঁচড় কাটতে থাকি। আমি জানি গল্পটি আছে চেতনার অন্তঃস্থলে। আছে বলেই ধূলিকণার মত একটি বিন্দু আমাকে প্ররোচিত করেছে কাগজ-কলম নিয়ে বসতে।"[4] বাংলা কথাসাহিত্যে তাঁর অবদান ছাড়া অন্যান্য রচনার ক্ষেত্রে তাঁর মৌলিকতাকে তুলে ধরার চেষ্টা করা হবে। সার্বিকভাবে অমর মিত্র কে জানার জন্য তার ব্যক্তি জীবন থেকে শুরু করে তার সৃষ্টিশীলতাকে আমরা গুরুত্ব সহকারে পর্যবেক্ষণ করার চেষ্টা করব। আমরা আশা করি এর মাধ্যমে বাংলা সাহিত্যের এই মৌলিক শিল্পী সম্পর্কে অনেক অজানা তথ্য কে আমরা তুলে ধরতে পারবো।

[4] **উত্তরাধিকার - সাম্প্রতিক বাংলা গল্প সংখ্যা - ১৯৯৬ - পৃষ্ঠা - ১৫**

তথ্যপঞ্জি

১। ভাসিয়ে দিয়েছি কপোতাক্ষ জলে - মনোজ মিত্র, অমর মিত্র - পৃষ্ঠা ৭১ ।

২। ভাসিয়ে দিয়েছি কপোতাক্ষ জলে - ঐ - পৃষ্ঠা ১৪ ।

৩। অমৃতলোক ৯৭ - সমীরন মজুমদার সম্পাদিত – ২০০২-২০০৩ - পৃষ্ঠা ৩১৪ ।

৪। উত্তরাধিকার - সাম্প্রতিক বাংলা গল্প সংখ্যা - ১৯৯৬ - পৃষ্ঠা - ১৫

-: গ্রন্থপঞ্জি:-

আকরগ্রন্থ

১. অমর মিত্র, মাঠভাঙে কালপুরুষ, কলকাতা, গৌরব প্রকাশনী প্রথম প্রকাশ ১৯৭৮

২. অমর মিত্র, আলোকবর্ষ, কলকাতা, অন্বেষা প্রকাশনী, প্রথম প্রকাশ ১৯৮০

৩. অমর মিত্র, পাহাড়ের মত মানুষ, কলকাতা, মডার্ণ কলম, প্রথম প্রকাশ ১৯৮৫

৪. অমর মিত্র, দানপত্র, কলকাতা, সংবাদ প্রকাশন, প্রথম প্রকাশ ১৯৮৬

৫. অমর মিত্র, ভি.আই.পি রোড, কলকাতা, আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, প্রথম প্রকাশ ১৯৯০

৬. অমর মিত্র, হাঁসপাহাড়ি, কলকাতা, প্রতিক্ষণ পাবলিকেশন, প্রথম প্রকাশ ১৯৯০

৭. অমর মিত্র, আগুনের গাড়ি করুণা, কলকাতা, করুণা প্রকাশনী, প্রথম প্রকাশ ১৯৯১

৮.অমর মিত্র, আসনবনি, কলকাতা, কররুণা প্রকাশনী, প্রথম প্রকাশ, জানুয়ারি ১৯৯৩

৯. অমর মিত্র, অমর মিত্রের ছোটোগল্প, কলকাতা, প্রতিক্ষণ পাবলিকেশন প্রাইভেট লিমিটেড, প্রথম প্রকাশ ১৯৯৪

১০.অমর মিত্র, নিসর্গের শোকগাথা, কলকাতা, প্রতিক্ষণ পাবলিকেশন প্রাইভেট লিমিটেড, প্রথম প্রকাশ ১৯৯৫

১১. অমর মিত্র, সুবর্ণরেখা, কলকাতা, করুণা প্রকাশনী, প্রথম প্রকাশ ১৯৮৩ দ্বিতীয় মুদ্রণ ১৯৯৬

১২. অমর মিত্র, বসন্ত বিলাস, মিত্র ও ঘোষ।কলকাতা, প্রথম প্রকাশ ১৯৯৬ (গল্প)

১৩. অমর মিত্র, জনসমুদ্র, কলকাতা, করুণা প্রকাশনী, প্রথম প্রকাশ ১৯৯৬

১৪. অমর মিত্র, সমুদ্রের স্বর, কলকাতা, মডার্ন কলম, প্রথম প্রকাশ ১৯৯৭

১৫. অমর মিত্র, কৃষ্ণগহবর, করুণা প্রকাশনী, প্রথম প্রকাশ ১৯৯৮,

১৬.অমর মিত্র, অশ্বচরিত, কলকাতা, করুণা প্রকাশনী, প্রথম প্রকাশ ১৯৯৯

১৭. অমর মিত্র, ধুলোগ্রাম, কলকাতা, করুণা প্রকাশনী, প্রথম প্রকাশ, বইমেলা ২০০১

১৮. অমর মিত্র, নিরুদ্দিষ্টের উপাখ্যান, পিপলস বুক সোসাইটি, কলকাতা, প্রথম প্রকাশ ২০০১

১৯. অমর মিত্র, স্বদেশ যাত্রা, কলকাতা, দীপ প্রকাশন, প্রথম প্রকাশ ২০০১

২০. অমর মিত্র, পাঁজর, কলকাতা, সৃষ্টি প্রকাশন, প্রথম প্রকাশ ২০০১

২১. অমর মিত্র, নীলপ্রহর, কলকাতা, আরুণি প্রকাশন, প্রথম প্রকাশ ২০০২

২২. অমর মিত্র, ধ্রুবপুত্র, কলকাতা, করুণা প্রকাশনী, প্রথম প্রকাশ, কলকাতা বইমেলা ২০০২

২৩. অমর মিত্র, সোনাই ছিল নদীর নাম, কলকাতা, দে'জ পাবলিকেশন, প্রথম প্রকাশ, জানুয়ারি ২০০৩

২৪. অমর মিত্র, প্রান্তরের অন্ধকার, কলকাতা, দে'জ পাবলিকেশন, প্রথম প্রকাশ, জানুয়ারি ২০০৪

২৫. অমর মিত্র, নিস্তব্ধ নগর, কলকাতা, দে'জ পাবলিকেশন, প্রথম প্রকাশ, জানুয়ারি ২০০৫

২৬. অমর মিত্র, শূন্যের ঘর শূন্যের বাড়ি, কলকাতা, দে'জ পাবলিকেশন, প্রথম প্রকাশ, জানুয়ারি ২০০৬

২৭. অমর মিত্র, ধনপতির চর, কলকাতা, দে'জ পাবলিকেশন, প্রথম প্রকাশ, জানুয়ারি ২০০৭

২৮.অমর মিত্র, সারিঘর, কলকাতা, দে'জ পাবলিকেশন, প্রথম প্রকাশ, জানুয়ারি ২০০৮

২৯. অমর মিত্র, ডানা নেই উড়ে যায়, কলকাতা, করুণা প্রকাশনী, প্রথম প্রকাশ ২০০৮

৩০. অমর মিত্র, সবুজ রঙের শহর, কলকাতা, দে'জ পাবলিকেশন, প্রথম প্রকাশ, জানুয়ারি ২০০৯

৩১. অমর মিত্র, দশটি গল্প, কলকাতা, পরশ পাথর প্রকাশনী, প্রথম প্রকাশ, ২০০৮

৩২. অমর মিত্র, শাদা মেঘ কালো মেঘ। তিনটি উপন্যাস, কলকাতা, অঞ্জলী প্রকাশনী, কলকাতা, প্রথম প্রকাশ, ২০০৯

৩৩. অমর মিত্র, পড়শি বসত করে কলকাতা, দে'জ পাবলিকেশন, প্রথম প্রকাশ, জানুয়ারি ২০০৮

৩৪. অমর মিত্র, গজেন ভুঁইয়ার ঘরে ফেরা, কলকাতা, করুণা প্রকাশনী, প্রথম প্রকাশ ২০০৯

৩৫. অমর মিত্র, প্রিয় পঞ্চাশটি গল্প, কলকাতা, নির্মল বুক এজেন্সি, প্রথম প্রকাশ ২০১০

৩৬.অমর মিত্র, শ্যাম মিস্ত্রি কেমন ছিলেন, কলকাতা, করুণা প্রকাশনী, প্রথম প্রকাশ ২০১০

সহায়ক গ্রন্থ

1. অরুণ কুমার মুখোপাধ্যায়, কালের প্রতিমা, দে'জ পাবলিশিং, কলকাতা-৭৩, প্রথম প্রকাশ ১৯৭৪
2. জ্যোতিপ্রসাদ রায়, কথাসাহিত্যঃ কথাশিল্প, করুণা প্রকাশনী, কলকাতা-০৯, প্রথম প্রকাশ-২০১৩
3. তপোধীর ভট্টাচার্য, ছোটগল্পঃ সময়ের শিল্প, এবং মুশায়েরা প্রকাশনী, কলকাতা-৭৩, প্রথম প্রকাশ-২০১৬
4. বিজিত ঘোষ, বিষয়ঃ ছোটগল্প, এবং মুশায়েরা প্রকাশনী, কলকাতা ৭৩, প্রথম প্রকাশ-২০১৩
5. ভাস্বতী চক্রবর্তী, বাংলা ছোটোগল্প, দে'জ পাবলিশিং, কলকাতা ৭৩, প্রথমপ্রকাশ ১৯৯১
6. শোভনলাল দত্তগুপ্ত, সমাজ মার্কসতত্ত্ব ও সমকাল, সৌরবান, দক্ষিণ ২৪ পরগনা-৭৪৩৩৭৭, দ্বিতীয় প্রকাশ ২০১৯
7. শ্রাবণী পাল (সম্পাদক), বাংলা ছোটগল্প, অক্ষর প্রকাশনী, কলকাতা-০৬
8. শম্পা চৌধুরী (সম্পাদক), ছোটগল্পের অন্তর্মহল, রত্নাবলী প্রকাশনী, কলকাতা-০৯,
9. সাবিত্রীনন্দ চক্রবর্তী, আধুনিক বাংলা ছোটগল্প মূল্যবোধের সংকট, করুণা প্রকাশনী, কলকাতা-০৯, প্রথম প্রকাশ-২০১৯
10. সুবল সামন্ত (সম্পাদক), বাংলা গল্প ও গল্পকার, এবং মুশায়েরা প্রকাশনী কলকাতা-৭৩, প্রথম প্রকাশ-২০১৭
11. সোহারাব হোসেন, বাংলা ছোটগল্পে তত্ত্ব ও গতিপ্রকৃতি, করুণা প্রকাশনী, দ্বিতীয় সংস্করণ-২০১২
12. হীরেন চট্টোপাধ্যায়, সাম্প্রতিক কথাসাহিত্য,দে পাবলিশিং, কলকাতা-৭৩, প্রথম প্রকাশ,১৯৯১

পত্র-পত্রিকা

1. সংকেত পত্রিকা- (বিপন্ন মানুষ বিপন্ন মানবাধিকার)- সম্পাদক প্রবীর রায় চৌধুরী বইমেলা ২০০৩ ।
2. অমৃতলোক ৯৭ - সমীরণ মজুমদার সম্পাদিত - নীলাঞ্জন চট্টোপাধ্যায়ের নেওয়া লেখক এর সাক্ষাৎকার - অক্টোবর মার্চ - ২০০২-২০০৩ ।
3. উত্তরাধিকার - সাম্প্রতিক বাংলা গল্প সংখ্যা - ১৯৯৬

Web sites (URL details)

https://bn.wikipedia.org/wiki/%E0%A6%85%E0%A6%AE%E0%A6%B0_%E0%A6%AE%E0%A6%BF%E0%A6%A4%E0%A7%8D%E0%A6%B0

Date of access: 27-08-2020

https://shodhganga.inflibnet.ac.in/

Date of access: 09-09-2020